

তৃতীয় মাত্রা

আদর্শ এবং উদ্দেশ্য:

অপার প্রাকৃতিক সৌন্দর্য, কোটি মানুষের প্রাণশক্তিতে সমৃদ্ধ, অমিত সম্ভাবনার দেশ বাংলাদেশ। অথচ জন্মের গোড়া থেকেই স্বাধীনতা যুদ্ধের পরাজিত ধর্মাত্মক মৌলবাদী শক্তি আমাদের প্রানের দেশটিকে সামনের দিকে এগিয়ে যেতে বাধা সৃষ্টি করে আসছে। ১৯৭১ এর স্বাধীনতা যুদ্ধের সময় আমাদের সূর্য সন্তানদের হত্যা করে, দুর্বল মা বোনদের উপর অত্যাচার করেই ওরা ক্ষান্ত হয়নি, ওরা ছাত্রদের রগ কেটেছে, শিক্ষকদের হত্যা করেছে, চাইনিজ কুড়াল দিয়ে কেটে টুকরো টুকরো করেছে মানুষের দেহ। প্রগতিশীল লেখকদের হত্যা করে, জঙ্গিদের মদদ দিয়ে, জেলায় জেলায় বোমা ফাটিয়ে ত্রাসের সৃষ্টি করে পৃথিবীর বৃকে শান্তিপ্ৰিয় বাংলাদেশীদের আতঙ্কবাদী হিসেবে চিহ্নিত করে বাংলাদেশের অপূরণীয় ক্ষতি সাধন করেছে।

আমাদের গতানুগতিক সংবাদ মাধ্যম ইচ্ছে থাকা সত্ত্বেও মৌলবাদী এই চক্র ও ধর্ম ভিত্তিক রাজনীতির বিরুদ্ধে তেমন কিছু বলতে পারছে না কারণ এতে তাদের প্রাণ নাশের যেমন ভয় থাকে তেমন থাকে সংবাদ মাধ্যম বন্ধ হয়ে যাবার আশংকা। স্বাধীনতা যুদ্ধের পরবর্তী সময়ে এসব দল তাদের নেতৃত্বে চিহ্নিত এবং অভিসুক্ত যুদ্ধাপরাধীদের বহাল রেখে এটাই প্রমাণ করেছে যে এসব দল স্বাধীনতা তথা বাংলাদেশের কল্যাণ ও প্রগতির পরিপন্থী। বাংলাদেশের কোমলমতি ধর্মপ্রাণ মানুষের প্রানের অনুভূতিকে ব্যবহার করে ওরা দেশটিকে প্রগতির পথ থেকে বিচ্যুত করতে চায়। স্বাধীনতার এত বছর পরেও বাংলাদেশের সংবিধান, জাতীয় পতাকা এবং জাতীয় সংগীত এর প্রতি এদের বিন্দু মাত্র শ্রদ্ধা নেই। এখনও তাদের দলীও কোন আচার অনুষ্ঠানে জাতীয় সংগীত বাজানো হয় না। বাংলাদেশে গনতন্ত্র প্রতিষ্ঠার চেষ্টা কে ব্যর্থ করে, ইসলামি শাসনতন্ত্র কায়েম করে ওরা দেশটিকে আফগানিস্তানের মত পিছনের দিকে ঠেলে দিতে চায়।

তৃতীয় মাত্রা বাংলাদেশের কিছু সচেতন নাগরিক এর সমন্বয়ে গঠিত একটি সংগঠন। এর মূল লক্ষ্য হল বাংলাদেশে ধর্ম ভিত্তিক রাজনীতি বন্ধ করে রাষ্ট্র এবং ধর্মকে পুরোপুরি আলাদা করতে জনমত গঠন করা ও ১৯৭১ এর ঘটক দালালদের চিহ্নিত করে তাদের শাস্তি দাবি করা। যে সব দল ও লোক ধর্ম কে কুৎসিত ভাবে ব্যবহার করে, ধর্মের নামে নানা অপকর্ম করে পবিত্র ধর্মকে কলুষিত করেছে ও বাংলাদেশকে পিছনের দিকে ঠেলে দিচ্ছে তাদের অপকর্মের মুখশ আধুনিক মিডিয়ায় (ওয়েবসাইট, চ্যাট রুম ইত্যাদি) দ্বারা মানুষের সামনে খোলাখুলি ভাবে তুলে ধরা। পাশাপাশি, বাংলাদেশের শিল্প, সাহিত্য, সংস্কৃতিকে লালন করে বাংলাদেশের স্বাধীনতার সঠিক ইতিহাস অনুসন্ধান ও অধ্যয়ন করা। জাতিকে ধর্মাত্মক মৌলবাদীদের ইতিহাস বিকৃতির কুচক্র থেকে মুক্ত করে সেই অমিত সম্ভাবনা কে আহরন করতে সাহায্য করা।